



## আমিরাতে ইউক্রেনের ড্রোন প্রতিরক্ষা ডিপোতে ইরানের হামলার দাবি



ইউক্রেনের ড্রোন বিধ্বংসী ব্যবস্থা। ছবি: সংগৃহীত

সংযুক্ত আরব আমিরাতে দুবাইয়ে ইউক্রেনের একটি ড্রোন প্রতিরক্ষা ডিপো লক্ষ্য করে হামলার দাবি করেছে ইরান। তেহরানের ভাষ্য অনুযায়ী, এতে স্থাপনাটি ধ্বংস হয়েছে।

ইরানের সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ড এক বিবৃতিতে জানায়, দুবাইয়ে অবস্থানরত মার্কিন সেনা ও কমান্ড কাঠামোর সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন গোপন স্থাপনা লক্ষ্য করে এই হামলা চালানো হয়। একই সঙ্গে যুক্তরাষ্ট্রকে সহায়তা দিচ্ছিল এমন একটি ইউক্রেনীয় ড্রোন-বিধ্বংসী ব্যবস্থার ডিপোকেও টার্গেট করা হয় বলে দাবি করা হয়েছে। তাদের মতে, হামলার ফলে ওই ডিপো সম্পূর্ণভাবে ধ্বংস হয়েছে।

এর কয়েক ঘণ্টা আগেই এক অনির্ধারিত সফরে আমিরাতে পৌঁছান ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সফরকালে তিনি জানান, প্রতিরক্ষা সহযোগিতা বাড়াতে দুই দেশের মধ্যে একটি সমঝোতা হয়েছে।

এর আগে তিনি সৌদি আরব সফর করেন এবং ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের সঙ্গে বৈঠক করেন। ওই বৈঠকেও প্রতিরক্ষা সহযোগিতা নিয়ে আলোচনা হয়। সংশ্লিষ্ট চুক্তি অনুযায়ী, ইরানের সস্তাব্য ড্রোন হামলা মোকাবিলায় ইউক্রেন প্রযুক্তিগত সহায়তা দেবে।